গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
www.ssd.gov.bd
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা বিগত ২৭ ডিসেম্বর ২০২২ তারিখে জনাব মোঃ হাবিবুর রহমান, অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৮ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয় (সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত):

১. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক অনুষ্ঠিত ০৮ ডিসেম্বর ২০২২ তারিখের সভার সিদ্ধান্তসমূহ (সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট):

(ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে কতিপয় সেবাসমূহের ক্রম ঠিক করতে হবে;
(খ) বহিরাগমন-৩ শাখার ১২ ক্রমে উল্লিখিত সেবার নাম স্পষ্টীকরণের জন্য 'স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র' এর পরবর্তে 'স্পেনে গমনেচ্ছু/অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান' আকারে হালনাগাদ করতে হবে;
(গ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কমকর্তার অংশে কর্মকর্তা নাম, পদবি, ফোন, ই-মেইল হালনাগাদ করতে হবে।

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় (পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত):

(ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে কতিপয় সেবাসমূহের ক্রম ঠিক করা হয়েছে কিনা তা যাচাই করতে হবে;
(খ) বহিরাগমন-৩ শাখার ১২ ক্রমে উল্লিখিত সেবার নাম স্পষ্টীকরণের জন্য 'স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র' এর পরবর্তে 'স্পেনে গমনেচ্ছু/অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান' আকারে হালনাগাদ করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করতে হবে;
(গ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রতিটি সেবার বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কমকর্তার অংশে কর্মকর্তা নাম, পদবি, ফোন, ই-মেইল হালনাগাদ করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করতে হবে।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:
সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে যাচাই-বাছাইপূর্বক দেখা যায় -

(ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবার আওতায় বহিরাগমন-৫ শাখার নিম্নলিখিত ০৩টি সেবার ক্রম ঠিক করার কাজ সম্পন্ন করা হয়েছে:

- ভিসা নীতিমালা-২০০৬ এ বর্ণিত ক্রমিক ১২ হতে ৩৩ পর্যন্ত (E হতে W) শ্রেণিতে ভিসার মেয়াদ বৃদ্ধি ও শ্রেণি পরিবর্তনকরণ;
- No Visa Required for Travel to Bangladesh (NVR)(বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক, বাংলাদেশী নাগরিকের বিদেশী Spouse ও পরিবারের অন্যান্য সদস্যদের জন্য) প্রদান;
- বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান।

এছাড়াও অভ্যন্তরীন সেবার আওতায় প্রশাসন-২ শাখার ১৩টি সেবার সাথে নিম্নলিখিত ০১টি সেবার ক্রম ঠিক করার কাজ সম্পন্ন করা হয়েছে:

- সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তরের কোটাভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বাসা বরাদ্দ।

(খ) বহিরাগমন-৩ শাখার ১২ ক্রমে উল্লিখিত সেবার নাম স্পষ্টীকরণের জন্য 'স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র' এর পরবর্তে 'স্পেনে গমনেচ্ছু/অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান' আকারে হালনাগাদ করার কাজ সম্পন্ন করা হয়েছে;

(গ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কমকর্তার অংশে কর্মকর্তা নাম, পদবি, ফোন, ই-মেইল প্রযোজ্য ক্ষেত্রে শাখা রদবদল অনুযায়ী হালনাগাদকরণের কাজ সম্পন্ন করা হয়েছে;

৩. এছাড়াও সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির ২৭ ডিসেম্বর ২০২২ তারিখের সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

অক্টোবর-ডিসেম্বর, ২০২২ সময়ে (ক) এসিড আমদানি/ উৎপাদনের ডুপ্লিকেট লাইসেন্স প্রদান (নাগরিক সেবা) (খ) এসিড আমদানি/ উৎপাদনের লাইসেন্সের মালিকানা ও অন্যান্য তথ্যাদি সংশোধন (নাগরিক সেবা) এবং (গ) শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর (অভ্যন্তরীন সেবা) কার্যক্রমে কতটি আবেদন গৃহীত হয়েছে, কতটি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করতে হবে।

৪. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:
পরিবীক্ষণ কমিটি কর্তৃক সংশ্লিষ্ট শাখার প্রয়োজনীয় ডকুমেন্ট যাচাই-বাছাইপূর্বক দেখা যায় –

(ক) অক্টোবর-ডিসেম্বর, ২০২২ 'এসিড আমদানি/ উৎপাদনের ডুপ্লিকেট লাইসেন্স প্রদান' নাগরিক সেবায় মোট ০২টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ০১টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে, অবশিষ্ট আবেদনটি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে;

(খ) অক্টোবর-ডিসেম্বর, ২০২২ সময়ে 'এসিড আমদানি/ উৎপাদনের লাইসেন্সের মালিকানা ও অন্যান্য তথ্যাদি সংশোধন' নাগরিক সেবায় মোট ০২টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ০১টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে, অবশিষ্ট আবেদনটি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে;

(গ) অক্টোবর-ডিসেম্বর, ২০২২ সময়ে 'শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর' অভ্যান্তরীণ সেবায় মোট ১১টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ১১টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে।

৫. সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক অক্টোবর-ডিসেম্বর, ২০২২ মেয়াদে গৃহীত ০৬টি সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে এবং সিদ্ধান্ত বাস্তবায়নের শতকরা হার ১০০%। প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

২৯/১২/২০২২
নিপু হালদার
সহকারী প্রোগ্রামার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২৯/১২/২২
...সাদ বেগম
যুগ্মসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

29/12/2022
মোঃ হাবিবুর রহমান
অতিরিক্ত সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়